

জাত পরিচিতি

বিআর২২ বা কিরণ বন্যা প্ৰবণ এ নাকার বন্যা পরবর্তী সময়ে নাবী আমন হিসাবে চাষাবাদের জন্য এ কটি উফশী ধানের জাত। নাইজারশাইন-এর মতই এটি একটি আনোক সংবেদনশীল জাত। ১৯৮৮ সালে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এ জাত উদ্ভাবন করে।



বিআর২২

জাতের বৈশিষ্ট্য

- ▶ এর উচ্চতা ১২৫ সেন্টিমিটার।
- ▶ আনোক সংবেদনশীল।
- ▶ এর চাল খাটো, মোটা ও মায়া।

এজাতের বিশেষ প্রয়োজনীয়তা

বাংলাদেশে বন্যা এ কটি নিয়মিত প্রাকৃতিক দুর্ভোগ। দেশের মোট ১৪.৪৯ মিলিয়ন হেক্টর জমির প্রায় অর্ধেকই বন্যা প্ৰবণ। কোন কোন বছর শতকরা ৬০ ভাগেরও বেশী জমি বন্যা কবলিত হতে পারে। সাধারণত প্ৰবল বৃষ্টিপাতের কারণে জুন মাসে 'স্কর' হয়ে অগস্টে বন্যা প্ৰকট আকার ধারণ করে। অর্থাৎ আমন মৌসুমের 'স্কর' থেকে রোপণ এ বং রোপণোত্তর কৃষি গজানো অবস্থায় বন্যা হয়ে থাকে এবং আমন ধান ক্ষতিগ্রস্ত হয়। আমন ধানের প্রায় ২২% জমি বন্যা প্ৰবণ এ নাকার আওতাভুক্ত। বন্যাকর সময়ে কৃষকেরা সাধারণত স্থানীয় জাত নাইজারশাইন-এর আবাদ করে থাকেন। অথচ নাবী জাতের বিআর২২ চাষ করে তারা প্রায় দ্বিগুণ ফলন পেতে পারেন।

জীবনকাল

এর জীবনকাল ১৫০ দিন। আনোক সংবেদনশীল হওয়ায় এর জীবনকাল বপন ও রোপণের সময়ের উপর নির্ভরশীল।

ফলন

গড় ফলন হেক্টর প্রতি প্রায় ৫ টন।



চাষাবাদ পদ্ধতি

১. বীজত্যাগ বীজ বপনঃ আষাঢ়-শ্রাবণ, নাবীঃ শ্রাবণের শেষ পর্যন্ত (১৫ জুন-১৫ অগস্ট)।
২. চাষার বয়সঃ ৩০-৫০ দিন (নাবী রোপণের ক্ষেত্রে চাষার বয়স বেশী হওয়া আবশ্যিক)।
৩. রোপণের সময়ঃ স্বাভাবিক অবস্থায় শ্রাবণ-ভাদ্র (নাবীঃ আশ্বিনের 'স্কর' থেকে মাঝামাঝি পর্যন্ত, অর্থাৎ সেপ্টেম্বরের ১৫-৩০ পর্যন্ত)।
৪. রোপণ দূরত্বঃ ২৫ X ১৫ সেন্টিমিটার।
৫. চারা রোপণঃ স্বাভাবিক অবস্থায় প্রতি গোছায় ২-৩টি চারা। নাবী রোপণের ক্ষেত্রে প্রতি গোছায় ৪-৫টি চারা।
৬. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ

৬.১ ইউরিয়া	টিএসপি	এমপি	ডিএসএম	জিঙ্ক
২৪	১০	৯	৮	১.৫
- ৬.২ ইউরিয়া সার সমান ৩ কিলোতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৬০ দিন পর প্রয়োগ করতে হবে। তবে এনসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করাই উত্তম।
৭. সেচ ব্যবস্থাপনাঃ ধানের পান্য শক্ত না হওয়া পর্যন্ত প্রয়োজনে সম্পূর্ণক সেচ নেয়া আবশ্যিক।
৮. আগাছা দমনঃ রোপণের পর অন্তত ৪০ দিন আগাছামুক্ত রাখতে হবে।
 ১. রোগবাণাহীন দমনঃ অনুমোদিত পদ্ধতি অনুসরণযোগ্য।
১০. ফসল কাটাঃ ১৫-৩০ অক্টোবর (৩০ নভেম্বর-১৫ ডিসেম্বর)।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইল: dr@bri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যাক্ট শীট ৩৩